

NYC HEALTH+ HOSPITALS

সবার জন্য ভ্যাকসিনেশন

# COVID-19 বুস্টার শট

## প্রায়শই জিজ্ঞাসা করা প্রশ্নগুলি

COVID-19 বুস্টার শট সেইসব যোগ্য ব্যক্তিদের জন্য সুপারিশ করা হয়ে থাকে যারা ছয় মাস বা তারও আগে Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পেয়েছিলেন এবং যারা COVID-19 সংক্রমণ বা গুরুতর COVID-19 জনিত অসুস্থতার ঝুঁকিতে রয়েছেন, এর মধ্যে ঐসব মানুষও রয়েছেন যাদের বয়স 65 বছর বা তার বেশি কিংবা যারা দুই মাস বা তারও আগে Johnson & Johnson (J&J) ভ্যাকসিন পেয়েছিলেন এবং বয়স 18 বছর বা তার বেশি।

### বুস্টার শট কি?

একটি বুস্টার শট হল কোনো ভ্যাকসিনের সিরিজ শেষ করার পরে ভ্যাকসিনের একটি অতিরিক্ত ডোজ এবং যা ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর জন্য ব্যবহার করা হয়, যেহেতু সময়ের সাথে সাথে সুরক্ষা হ্রাস পেতে পারে (একে বলা হয় প্রতিরোধ ক্ষমতা হ্রাস)।

### কে একটি বুস্টার শট পেতে পারে?

Pfizer বা Moderna ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার 6 মাস পরে, নিম্নলিখিত দলগুলি বুস্টার শট পাওয়ার যোগ্য:

+ 65 বা তার বেশি বয়সী লোকেরা
+ যারা নার্সিং হোম কিংবা অন্য কোনও দীর্ঘমেয়াদী যত্নের ফ্যাসিলিটিতে থাকেন
+ 18 থেকে 64 বছর বয়সী ব্যক্তিরা যাদের এমন কোনও অন্তর্নিহিত শারীরিক সমস্যা রয়েছে যা তাদের গুরুতর COVID-19 এর ঝুঁকি বাড়িয়ে দেয়
+ 18 থেকে 64 বছরের যে সকল ব্যক্তিরা তাদের চাকরী (যেমন, স্বাস্থ্যসেবা কর্মী এবং শিক্ষকগণ) অথবা তারা যেখানে থাকেন বা ঘন ঘন যান (উদাহরণস্বরূপ, গৃহহীনদের আশ্রয়) তার কারণে COVID-19-এ আক্রান্ত হয়ে পড়ার বাড়তি ঝুঁকিতে আছেন

একক ডোজ J&J ভ্যাকসিন পাওয়ার 2 মাস পরে, 18 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিরা বুস্টার শটের জন্য যোগ্য

### বুস্টার শটকে কেন সুপারিশ করা হয়?

COVID-19 ভ্যাকসিনগুলি এখনও গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি এবং COVID-19 জনিত মৃত্যু প্রতিরোধে খুব কার্যকর। তবে, কিছু গবেষণা দেখায় যে Pfizer বা Moderna ভ্যাকসিন থেকে সংক্রমণের বিরুদ্ধে সুরক্ষা প্রায় ছয় মাস পরে কিংবা J&J ভ্যাকসিন থেকে সুরক্ষা প্রায় দুই মাস পর থেকেই কমতে শুরু করতে পারে। একটি বুস্টার শট COVID-19 সংক্রমণ কিংবা গুরুতর COVID-19 জনিত অসুস্থতার ঝুঁকিতে রয়েছেন এমন লোকদের অতিরিক্ত সুরক্ষা প্রদান করতে পারে, বিশেষত আমাদের লোকালয়ে ডেল্টা ভেরিয়েন্ট ঘুরে বেড়াচ্ছে এমন মুহূর্তে।

### কোন শারীরিক সমস্যাগুলি গুরুতর COVID-19 জনিত অসুস্থতার ঝুঁকি বাড়িয়ে তোলে?

গুরুতর COVID-19-এর ঝুঁকি বাড়ায় এমন শারীরিক সমস্যাগুলির মধ্যে রয়েছে ডায়াবেটিস, হৃদরোগ, দীর্ঘস্থায়ী কিডনি রোগ, দীর্ঘস্থায়ী ফুসফুসের রোগ, লিভারের রোগ, ক্যান্সার, ডিমেনশিয়া, HIV ও গর্ভাবস্থা। সম্পূর্ণ তালিকার জন্য দেখুন: cdc.gov/coronavirus/2019- ncov/need-extra-precautions/people-with-medical- conditions.html

### কর্মক্ষেত্রে বা অন্য কোনো ব্যাবস্থায় COVID-19-এর সংস্পর্শে আসার বেশি ঝুঁকিতে আছে কে?

যে চাকরিগুলি COVID-19-এর সংস্পর্শে আসার ঝুঁকি বাড়িয়ে দিতে পারে তার মধ্যে রয়েছে স্বাস্থ্যসেবা কর্মী, শিক্ষক, ডে কেয়ার স্টাফ এবং রেস্তোরাঁ ও মুদি দোকানের কর্মীদের চাকরি। অন্যান্য ব্যাবস্থা যেখানে সংক্রমণের বাড়তি ঝুঁকি থাকতে পারে তার মধ্যে রয়েছে গৃহহীনদের আশ্রয় এবং কারাগার সমূহ।

চলমান ▶

## আমার একটি বুস্টার শট প্রয়োজন কিনা তা আমি কিভাবে জানব?

আপনার বুস্টার শট নেওয়া উচিত কিনা সে সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সাথে কথা বলুন। আপনার যদি একজন সরবরাহকারী খুঁজে পেতে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 311 নম্বরে ফোন করুন অথবা ফোন করুন 212-COVID-19 (212-268-4319) নম্বরে এবং আপনি যোগ্য কিনা তা জানতে একজন নার্সের সাথে কথা বলুন।

## যারা গর্ভবতী, স্তন্যপান করাচ্ছেন বা গর্ভবতী হওয়ার চেষ্টা করছেন তারা কি বুস্টার নিতে পারবেন?

গর্ভবতী এবং সম্প্রতি গর্ভবতী হওয়া ব্যক্তিরা গর্ভবতী নয় এমন ব্যক্তিদের তুলনায় COVID-19-এ গুরুতর অসুস্থ হয়ে পড়ার বাড়তি ঝুঁকিতে রয়েছেন। গর্ভবতী ব্যক্তিদের COVID-19 এর বিরুদ্ধে ভ্যাকসিনের আওতায় চলে আসা উচি। গর্ভবতী ব্যক্তিরা যোগ্যতার মানদণ্ড পূরণ করলে, তাদের একটি বুস্টার নেওয়া উচি।

## একটি বুস্টার শট নেওয়ার ঝুঁকিগুলো কি কি?

Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি ডোজ কিংবা J&J ভ্যাকসিনের একক ডোজ পেয়েছেন এমন অনেক লোকের ক্ষেত্রেই, বুস্টার শট নেওয়ার সুবিধাগুলি যেকোনো ঝুঁকিকে ছাড়িয়ে গেছে। এখনও অবধি, বুস্টার শট নেওয়ার পরে রিপোর্ট কৃত প্রতিক্রিয়াগুলি প্রাথমিক ডোজ পরবর্তী প্রতিক্রিয়া সমূহের মতনই ছিল। ক্লান্তি এবং বাহুতে ব্যথা ছিল সবচেয়ে বেশি রিপোর্ট কৃত পার্শ্বপ্রতিক্রিয়া। বেশিরভাগ পার্শ্বপ্রতিক্রিয়া ছিল হালকা থেকে মাঝারি।

## বুস্টার শট কি প্রথম দুটি ডোজের সেই একই ভ্যাকসিন?

হ্যাঁ। বুস্টার শটটি প্রথম দুটি Pfizer বা Moderna ডোজ কিংবা একক J&J ডোজের মতোই একই ভ্যাকসিন। Moderna বুস্টার ডোজের ক্ষেত্রে, আবার, ডোজের পরিমাণ প্রথম দুটি ডোজের ক্ষেত্রে নির্দেশিত পরিমাণের অর্ধেক।

## আমার বুস্টার শটের ব্র্যান্ডটি কি আমার প্রথম প্রাপ্ত ভ্যাকসিনের ব্র্যান্ডেরই হতে হবে?

ভ্যাকসিনের আওতায় আসা ব্যক্তিদের উচি প্রাথমিকভাবে বুস্টার হিসেবে প্রাপ্ত একই ভ্যাকসিন নেওয়ার চেষ্টা করা, তবে তাদের কাছে অন্য দুটি ভ্যাকসিনের যেকোন একটিতে পরিবর্তন করার স্বাধীনতা রয়েছে।

## আমার কখন বুস্টার শট নেওয়া উচিত?

আপনি Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ পাওয়ার ছয় মাস বা তারও পরে, যোগ্য বিবেচিত হলে, কিংবা J&J COVID-19 ভ্যাকসিনের একক ডোজ পাওয়ার দুই মাস বা তারও পরে আপনার একটি বুস্টার শট নেওয়া উচি।

## আমাদের একটি বুস্টার শটের প্রয়োজন হওয়া মানে কি এই যে ভ্যাকসিনগুলি কাজ করছে না?

না। COVID-19 ভ্যাকসিনগুলি গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া এবং মৃত্যু প্রতিরোধে ভাল কাজ করছে, এমনকি ব্যাপকভাবে ছড়িয়ে পড়া ডেল্টা ধরণের বিরুদ্ধেও। তবে, জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা সুরক্ষায় হালকা হ্রাস দেখতে শুরু করেছেন, বিশেষত নির্দিষ্ট কিছু জনগোষ্ঠীর মধ্যে।

## আমি ইমিউনোকম্প্রোমাইজড এবং তৃতীয় ভ্যাকসিনের ডোজ পেয়েছি। আমারও কি বুস্টার শট নিতে হবে?

≥18 বছর বয়সী মাঝারি ও গুরুতরভাবে ইমিউনোকম্প্রোমাইজড যেসব ব্যক্তিরা একটি mRNA COVID-19 ভ্যাকসিনের প্রাথমিক সিরিজ সম্পন্ন করেছেন এবং একটি অতিরিক্ত mRNA ভ্যাকসিনের ডোজ পেয়েছেন তারা তাদের তৃতীয় mRNA ভ্যাকসিনের ডোজ সম্পন্ন করার কমপক্ষে 6 মাস পরে একটি একক COVID-19 বুস্টার ডোজ (Pfizer-BioNTech, Moderna, বা J&J) পেতে পারেন।

## আমি কোথায় একটি বিনামূল্যে বুস্টার শট পেতে পারি?

Pfizer এবং J&J বুস্টার শটগুলি NYC Health + Hospitals ব্যবস্থার 11টি হাসপাতালে পাওয়া যাচ্ছে। Moderna বুস্টার শট যেকোনো NYC Health + Hospitals/Gotham Health সাইটে পাওয়া যাচ্ছে। যেখানে আপনি Pfizer বা Moderna ভ্যাকসিনের প্রথম দুটি ডোজ বা J&J ভ্যাকসিনের একক ডোজ পেয়েছিলেন সেই একই জায়গায় আপনাকে যেতে হবে না। আপনার বুস্টারের জন্য যেকোনো NYC Health + Hospitals-এর গুরুত্বর সেবার হাসপাতাল বা NYC Health + Hospitals/Gotham Health সাইটে যান অথবা অনেকগুলো ভাষায় সাহায্যের জন্য কল করুন 1-877-829-4692 নম্বরে।

## আমি কি অন্যান্য ভ্যাকসিনের (যেমন ফ্লু ভ্যাকসিন) সাথে একই সময়ে একটি বুস্টার শট নিতে পারব?

হ্যাঁ। অন্যান্য ভ্যাকসিনের সাথে একই সময়ে কিংবা আগে অথবা পরে যেকোনো সময় বুস্টার শট নেওয়া নিরাপদ। আপনি যদি এখনও আপনার ফ্লু শট না নিয়ে থাকেন, উভয়ই NYC Health + Hospitals-এর গুরুত্বর যত্নের হাসপাতালের অবস্থানগুলিতে পাওয়া যাবে।

## সম্পূর্ণরূপে ভ্যাকসিনের আওতায় আসার জন্য আমার কি একটি বুস্টার শট নিতে হবে?

না। দুই-ডোজ ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ (যেমন Pfizer বা Moderna) বা একক-ডোজের J&J ভ্যাকসিন নেওয়ার দুই সপ্তাহ পরে লোকেদের সম্পূর্ণরূপে ভ্যাকসিনের আওতায় এসেছে বলে বিবেচনা করা হয়।

## বুস্টার শট কি বাধ্যতামূলক করা হবে?

স্বাস্থ্যসেবা কর্মীদের জন্য নিউ ইয়র্ক স্টেট ভ্যাকসিন প্রদানের আদেশ শুধুমাত্র প্রথম এবং দ্বিতীয় ডোজগুলির ক্ষেত্রে প্রযোজ্য। আদেশটিতে বুস্টার শট অন্তর্ভুক্ত নেই।

## শিশুদের জন্যও কি বুস্টার শট সুপারিশ করা হয়?

না। এই মুহূর্তে, Pfizer-ই হল একমাত্র ভ্যাকসিন যা 5 থেকে 11 বছরের মধ্যে থাকা শিশুদের ব্যবহারের জন্য অনুমোদিত। 5-17 বছর বয়সী লোকেরা বর্তমানে বুস্টার শটগুলির জন্য যোগ্য নয়।

NYC HEALTH + HOSPITALS

Published: 10/29/2021
Bengali